স্মার্ট বাংলাদেশ গড়তে ক্যাডেটদের সুনাগরিক হয়ে গড়ে ওঠতে হবে

আগামী ৪১’ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশ হিসেবে গড়ে উঠবে। আর সেই বাংলাদেশ হবে স্মার্ট বাংলাদেশ। ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে আমরা চলে যাব।

বর্তমান সরকার ‘স্মার্ট বাংলাদেশ’ গড়ার চারটি ভিত্তি সফলভাবে বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। সেগুলো হল স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি।

বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ দেশে রূপান্তরে তরুণ এই ক্যাডেটদেরকে সৈনিক হিসেবে উল্লেখ করে সেনা প্রধান জেনারেল এসএম শফিউদ্দিন আহমেদ বলেন, ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ গড়তে হলে তোমাদের স্মার্ট নাগরিক হিসেবে প্রস্তুত হতে হবে।’

এছাড়া ঝিনাইদহ ক্যাডেট কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের ১৩তম পুনর্মিলনী অনুষ্ঠানে ক্যাডেটদের সুনাগরিক হিসেবে গড়ে উঠে ডিজিটাল বাংলাদেশের বদলে স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে আহবান জানান সেনাবাহিনী প্রধান। বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে ঝিনাইদহ ক্যাডেট কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের ১৩তম পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকালে ঝিনাইদহ এক্স ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা) এর আয়োজনে তিনদিন ব্যাপি এ পূর্নমিলনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সেনাপ্রধান জেনারেল এসএম শফিউদ্দিন আহমেদ।

ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্ণেল এসএম রাকিব ইবনে রেজওয়ানের সভাপতিত্বে সেনা বাহিনীর বিভিন্ন কর্মকর্তাবৃন্দ, প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীর পরিবারবর্গ অংশ নেয়। প্রধান অতিথি বৃক্ষরোপনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকতা শুরু করেন। এরপর বর্তমান শিক্ষার্থীরা গার্ড অব অনার প্রদান করেন। পরে কুচকাওয়াজ প্রদর্শন করেন বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীরা। ১৩তম পুনর্মিলনীর বিশালাকার কেক কাটেন প্রধান অতিথি।

ঝিনাইদহ ক্যাডেটের প্রাক্তন শিক্ষার্থী সেনা প্রধান জেনারেল এসএম